# জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট

(এনআইএলজি)

এনআইএলজি'র যন্ত্রপাতি, অফিস সরঞ্জামাদি ও আসবাবপত্র অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তিকরণ নীতিমালা-২০২৩

# জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট

(এনআইএলজি)
২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা -১২০৭।

## এনআইএলজি'র যন্ত্রপাতি, অফিস সরঞ্জামাদি ও আসবাবপত্র অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তিকরণ নীতিমালা-২০২৩

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)'র মোটরযান, কম্পিউটার, অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি ও আসবাবপত্র বিক্রয় করার প্রক্রিয়ায় একটি নীতিমালার অভাব অনুভূত হয়। এনআইএলজি'র পুরাতন দ্রব্য-সামগ্রী বিক্রয়ের কোন নীতিমালা নেই। এনআইএলজি এতদসংক্রান্ত নীতিমালা প্রণয়নের উদ্দেশ্যে একটি কমিটি গঠণ করে। এই নীতিমালা এনআইএলজি'র যন্ত্রপাতি, অফিস সরঞ্জামাদি ও আসবাবপত্র অযোগ্য ঘোষণা ও বিক্রয়ের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

**১। সংজ্ঞা :**

(I) যন্ত্রপাতি : দৈনন্দিন কাজকর্ম দ্রুত ও সহজে করা সম্ভব হয়।

(II) আসবাবপত্র : মানুষের বিভিন্ন কাজে (যেমন : শোয়া বসা) সাহায্য করে ও আরামদায়ক করে।

(III) অকেজো: যে সকল যন্ত্রপাতি/দ্র্যাবাদি/আসবাবপত্র ব্যবহারের অনুপোযুক্ত।

(IV) অফিস : একটি কক্ষ, একাধিক কক্ষ কিংবা একটি দালানের স্থাপনা যেখানে বিভিন্ন বাণিজ্যিক, পেশাদার ও আমলাতান্ত্রিক কাযকলাপ সম্পন্ন করা হয়।

(V) কম্পিউটার (computer) : গণনাকারী যন্ত্র । কম্পিউটার এমন এক যন্ত্র যা তথ্য গ্রহণ করে এবং বিভিন্ন প্রক্রিয়ার মাধ্যমে তা বিশ্লেষণ ও উপস্থাপন করে।

(VI) কমিটি: কোন বিশেষ ব্যক্তিবর্গের সমষ্টি, যাদের উপর কোন বিশেষ উদ্দেশ্য সাধনের নিমিত্তে প্রশাসনিক দায়িত্ব বা কোন কাযভার অর্পণ করা হয়; যারা সমষ্টিকভাবে সে দায়িত্ব পালন বা কায সম্পাদন করে।

(VII) মোটরযান : কোন যন্ত্রচালিত যান, চালিকাশক্তি বাইরের বা ভিতরের কোন উৎস হতে সরবরাহ হয়ে থাকে।

২। এনআইএলজি,র যন্ত্রপাতি, অফিস সরঞ্জামাদি ও আসবাবপত্র অকেজো ঘোষণাকরণ কমিটি নিম্নোক্তভাবে গঠন করা হলো :

| | | | |
|---|---|---|---|
| (ক) | পরিচালক (প্রশাসন ও সমন্বয়), এনআইএলজি | : | সভাপতি |
| (খ) | মোটরযান মেরামত কাজ সংক্রান্ত অভিজ্ঞ একজন উর্ধ্বতন প্রকৌশলী অথবা সরকারী যানবাহন অধিদপ্তরের একজন উপযুক্ত কর্মকর্তা। | : | সদস্য |
| (গ) | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের একজন কম্পিউটার বিশেষজ্ঞ | : | সদস্য |
| (ঘ) | গণপূর্ত অধিদপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধি | : | সদস্য |
| (ঙ) | বাংলাদেশ রোড টান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) এর একজন উপযুক্ত প্রতিনিধি | : | সদস্য |
| (চ) | যুগ্মপরিচালক (প্রশাসন ও সমন্বয়), এনআইএলজি | : | সদস্য |
| (ছ) | সংশ্লিষ্ট শাখার শাখা প্রধান | : | সদস্য |
| (জ) | প্রশাসনিক কর্মকর্তা, এনআইএলজি | : | সদস্য সচিব। |

৩। এই কমিটি প্রয়োজনবোধে এক বা একাধিক নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

৪। কমিটি কাজের প্রকৃতির বিভিন্নতায় নিম্নরূপভাবে কাজ করবে :

৪.১ মোটরযান অকোজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় ২নং ক্রমিকের (খ) অথবা (ঙ) ক্রমিকে উল্লিখিত কর্মকর্তা অবশ্যই উপস্থিত থাকবেন ।

৪.২ কম্পিউটার ও কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটি সভায় ২নং ক্রমিকের (গ) ক্রমিকে উল্লিখিত কর্মকর্তা অবশ্যই উপস্থিত থাকিবেন।

৪.৩ অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি/আসবাবপত্র অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় ২নং ক্রমিকের (ঘ) ক্রমিকে উল্লিখিত কর্মকর্তা অবশ্যই উপস্থিত থাকবেন।

৫। অকেজো ঘোষণাকরণ কমিটি সদস্য-সচিব সভাপতির সহিত আলোচনাপূর্বক কমিটি সভা আহ্বান করবেন এবং অকেজো ঘোষণাযোগ্য মোটরযান, কম্পিউটার, আসবাবপত্র এবং অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি ও মালামাল বিক্রয় মূল্য নির্ধারণ করে কমিটির মতামত সভার কার্যবিবরণীতে সুপারিশ আকারে লিপিবদ্ধ করবেন। সংশ্লিষ্ট মোটরযান, কম্পিউটার ও অফিসের ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতির দপ্তর অকেজো ঘোষণাকরণ কমিটির সুপারিশের আলোকে ঐগুলির উপর চুড়ান্ত সিদ্ধান্তের জন্য স্বীয় মন্ত্রণালয়/বিভাগীয় প্রধানের নিকট পেশ করবেন। প্রয়োজনবোধে উক্ত কমিটি যুক্তিসঙ্গত কারণে বিক্রয় মূল্য পুনঃনির্ধারণের জন্য সুপারিশ করতে পারবে।

৬। অকেজো ঘোষণাকরণ কমিটি প্রয়োজন মনে করলে সকল বা কিছু সংখ্যক অকেজো ঘোষণার প্রস্তাবকৃত মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি/আসবাবপত্র/মালামাল প্রত্যক্ষ পরিদর্শন করতে পারবে।

৭। এই নীতিমালার আওতায় নিম্নলিখিত যানবাহন/যন্ত্রপাতি/আসবাবপত্র/মালামাল অন্তর্ভূক্ত থাকবে :

(I) সকল প্রকার মোটরযান যেমন : কার, জীপ, পিক-আপ, মাইক্রোবাস, মিনিবাস বাস, এম্বুলেন্স, ট্রাক, মোটরবাইক ইত্যাদি।

(II) কম্পিউটার ও কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ।

(III) অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি যেমন : কম্পিউটার মেশিন, ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রজেক্টর, ইন্টার এ্যাকটিভ বোর্ড প্রজেক্টর স্কিন, ক্যামেরা, ফটোকপিয়ার মেশিন, ফ্যাক্স মেশিন, এয়ার কন্ডিশানার, টিভি ইত্যাদি।

(IV) কাঠ ও স্টীলের তৈরি ব্যবহৃত আসবাবপত্র যেমন :- টেবিল, চেয়ার, দরজা, ডাইনিং টেবিল, আলমিরা, ফাইল কেবিনেট, সোফাসেট, পড়ার টেবিল, ড্রেসিংটেবিল, ডিভাইন, জেনারেটর, ফ্যান, টিউব লাইট, থাই গ্লাস, থাই ফ্রেম, জানালা গ্রীল, বেসিন, হাই কমোড, গাড়ির চাকা, গাড়ির টায়ার, পর্দা ইত্যাদি।

**<u>এনআইএলজি'র যন্ত্রপাতি, অফিস সরঞ্জামাদি ও আসবাবপত্র অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে।</u>**

৮। **মোটরযান :**

৮.১ মোটরযান অকেজো ঘোষণার জন্য অনুসৃত বিষয়াবলী :

৮.১.১ মেরামতের অযোগ্য বা মেরামত করে ব্যবহার অলাভজনক বলিয়া বিবেচিত মোটরযান সম্পর্কে এনআইএলজি নির্দিষ্ট ছকে বিস্তারিত বিবরণ লিপিবদ্ধ করে উহা বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বি আর টি এ)-এর সংশ্লিষ্ট মোটরযান পরিদর্শকের নিকট প্রেরণপূর্বক প্রত্যক্ষ পরিদর্শন করে মেরামতের অযোগ্যতার প্রতিবেদন প্রদানের জন্য অনুরোধ করবে। এই পত্রের প্রতিলিপি সংশ্লিষ্ট পরিচালক (ইঞ্জিনিয়ারিং) বি.আর.টিএ ঢাকা-এর নিকট প্রেরণ করবে।

৮.১.২ সংশ্লিষ্ট মোটরযান পরিদর্শক সরজমিনে মোটরযানটি পরিদর্শনপূর্বক মোটরযানটি মেরামতের অযোগ্য হলে বা মেরামত করে ব্যবহার করা অলাভজনক বিবেচিত হলে সেই মর্মে নির্ধারিত ছকে কারিগরি প্রতিবেদন প্রণয়ন করে পরিচালক (ইঞ্জিনিয়ারিং)-এর প্রতিস্বাক্ষরে অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) দিনের মধ্যে এনআইএলজি দপ্তরে প্রতিবেদন প্রেরণ করবে।

৮.১.৩ এনআইএলজি ব্যবহারকারী দপ্তর বিআরটিএ-এর প্রতিবেদন প্রাপ্তির পর তাহা সংযুক্ত করিয়া মোটরযানের বিস্তারিত বিবরণ (সংশ্লিষ্ট কাগজ পত্র সহ) স্বীয় মন্ত্রণালয়/বিভাগের নিকট অকেজো ঘোষণার নিমিত্তে প্রেরণ করবে।

৮.২ **মোটরযান অকেজো ঘোষণার নির্ণয়ক :**

৮.২.১ ঘন ঘন মেরামতের ফলে মেরামত করে চালান অলাভজনক হয়ে পড়েছে এইরূপ মোটরযান।

৮. ২.২ মডেল পরিবর্তনের দরুন বাজারে সরবরাহ বন্ধ হয়ে গিয়েছে এমন যন্ত্রাংশ পরিবর্তনের প্রয়োজন আছে এইরূপ মোটরযান।

৮. ২.৩ মেরামত করে নির্ভরযোগ্য ব্যবহারোপযোগী করতে যেই সমস্ত মোটরযানের বর্তমান বাজার মূল্যের ৫০% এর বেশি ব্যয় হবে এইরূপ মোটরযান।

৮.২.৪ দুই-এর অধিক প্রধান ইউনিটের সমস্ত যন্ত্রাংশ ক্ষয়প্রাপ্ত হয়েছে এরূপ মোটরযান।

৮.২.৫ দুর্ঘটনায় ক্ষতিগ্রস্থ মোটরযানের কাঠামো দুমড়ানো/মুচড়াইয়া গিয়েছে এবং এক বা একাধিক প্রধান ইউনিট বিনষ্ট হয়েছে এইরূপ মোটরযান।

৮.৩ **অকেজো ঘোষিত মোটরযান নিষ্পত্তি প্রক্রিয়া :**

৮.৩.১ কোন মোটরযান চুড়ান্তভাবে অকেজো ঘোষিত হবার পর এনআইএলজি উহা বিক্রয়ের নিমিত্তে ১টি বাংলা ও ১টি ইংরেজি বহুল প্রচারিত জাতীয় পত্রিকায় দরপত্র আহবান করবে। দরপত্র সিডিউলে মোটরযানটির বিক্রয় মূল্য উল্লেখ করতে হবে। এ ক্ষেত্রে দরপত্রদাতা দরপত্রের সহিত আর্নেষ্টমানি হিসেবে বিধি মোতাবেক পে-অর্ডার/ব্যাংক ড্রাফট্ প্রদান করবে।

৮.৩.২ দরপত্র প্রাপ্তির পর এনআইএলজি দরপত্র কমিটি দরপত্রগুলি পরীক্ষা করে ইহার সুপারিশ মহাপরিচালকের নিকট অনুমোদনের জন্য প্রেরণ করবে।

৮.৩.৩ অকেজো ঘোষিত মোটরযান সংরক্ষিত মূল্যে বিক্রয় করা সম্ভব না হলে এনআইএলজি মন্ত্রণালয়/বিভাগের অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট বিষয়টি উত্থাপন করবে এবং অকেজো ঘোষণাকরণ কমিটি এই নীতিমালার ৫নং ক্রমিক অনুযায়ী যথাযথ কার্যক্রম গ্রহণ করবে।

৯। **কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি :**

৯.১। কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার জন্য অনুসৃত বিষয়াবলী :

৯.১.১ ব্যবহারের অযোগ্য বা মেরামত করে ব্যবহার অলাভজনক বলে বিবেচিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি সম্পর্কে এনআইএলজি নির্ধারিত ছকে বিস্তারিত বিবরণ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-এর নিকট প্রেরণপূর্বক প্রতিবেদন দেয়ার জন্য অনুরোধ করবে।

৯.১.২ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের মনোনীত কারিগরি প্রতিনিধি সংশ্লিষ্ট কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি প্রয়োজনবোধে সরজমিনে পরিদর্শন করে অথবা প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহা মেরামত করে ব্যবহার করা অলাভজনক হলে অথবা ব্যবহারের অনুপযোগী হলে সে মর্মে প্রতিবেদন প্রদান করবেন। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করতে ব্যর্থ হলে বিলম্বের কারণ ব্যাখ্যা করে পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে অবশ্যই প্রতিবেদন দাখিল করবে।

৯.১.৩ প্রতিবেদন প্রাপ্তির পর এনআইএলজি প্রয়োজনীয় কাগজপত্রসহ ইহা স্বীয় মন্ত্রণালয়/বিভাগের নিকট অকেজো ঘোষণার নিমিত্তে প্রেরণ করবে।

৯.১.৪ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ইহার কাউন্সিলের অনুমোদনক্রমে মাঝে মাঝে পুরাতন প্রযুক্তির নির্ভর যে ধরনের কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি দেশে সাধারণভাবে অচল বলে ঘোষণা করবে সে ধরণের কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির ক্ষেত্রে মালিকানা দপ্তর, উপরের ৯.১.১, ৯.১.২, ৯.১.৩-এ বর্ণিত নিয়মাবলী মোতাবেক ব্যবস্থা গ্রহণ না করে সরাসরি পরবর্তী ৯.৩.১ থেকে ৯.৩.৫ উপ-অনুচ্ছেদ মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবে।

**৯.২। কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার নির্ণয়ক :**

৯.২.১ ঘন ঘন ত্রুটি দেখা যাচ্ছে এসব কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি যা বার বার মেরামতের ফলে ব্যবহার আর্থিকভাবে অলাভজনক হয়ে পড়েছে।

৯.২.২ যেসব কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির এমন যন্ত্রাংশ পরিবর্তনের প্রয়োজন রয়েছে মডেল পরিবর্তন অথবা প্রযুক্তির উৎকর্ষের দরুণ যার উৎপাদন ও সরবরাহ বন্ধ হয়ে গিয়েছে এরূপ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

৯.২.৩ মেরামত করে এক বৎসর পূর্ণ ওয়ারেন্টিসহ সম্পূর্ণ ত্রুটিহীন ও সচল করে একই ক্ষমতাসম্পন্ন অনুরূপ যন্ত্রাদির বর্তমান বাজার মূল্যের ৫০% এর বেশি ব্যয় হবে এইরূপ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

৯.২.৪ দুর্ঘটনার জনিত কারণে ক্ষতিগ্রস্থ হয়েছে অথবা যাহার অবয়ব/কাঠামোগত বিকৃতি ঘটিয়াছে এরূপ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

৯.২.৫ হার্ডওয়্যারের গোলযোগের কারণে বার বার ত্রুটিপূর্ণ ফলাফলা প্রদান করছে অথচ কোনভাবেই ত্রুটি নির্ণয় করা অথবা ত্রুটিমুক্ত সম্ভব হচ্ছে না এরূপ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

৯.২.৬ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির আয়ুষ্কাল (ওয়ারেন্টিকাল+অতিরিক্ত ৫ বছর)=ন্যূনতম ০৬ বছর অতিবাহিত হয়েছে এবং কার্যকারিত ভীষণভাবে কমে গিয়েছে এমন কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

৯.৩। **অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি নিষ্পত্তি প্রক্রিয়া :**

৯.৩.১ এনআইএলজি অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি বিধি মোতাবেক বিক্রয় করবে।

৯.৩.২ যদি উহা প্রদর্শন যোগ্য হয় তা হলে প্রদর্শনের নিমিত্তে তা কোন সরকারী/আধাসরকারী স্বায়ত্তশাসিত যাদুঘর/অনুরূপ প্রতিষ্ঠানে স্থানান্তর করা যাবে। এ ধরনের হস্তান্তর সংক্রান্ত দলিলাদি মালিকানা দপ্তর সংরক্ষণ করবে।

৯.৩.৩ দেশের কোন সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাষিত গবেষণা/শিক্ষা প্রতিষ্ঠান গবেষণা/প্রশিক্ষণ কাজে কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি হস্তান্তর করা যাবে। এ ধরনের হস্তান্তর সংক্রান্ত দালিলাদি এনআইএলজি সংরক্ষণ করবে।

৯.৩.৪ অকোজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি সংরক্ষিত মূল্যে বিক্রয় করা সম্ভব না হলে এনআইএলজি মন্ত্রণালয়/বিভাগের অকোজো ঘোষনাকরণ কমিটির নিকট বিষয়টি উত্থাপন করবে এবং অকেজো ঘোষণাকরণ কমিটি এ নীতিমালার ৫ নং অনুচ্ছেদ অনুযায়ী যথাযথ কাযক্রম গ্রহণ করবে।

৯.৩.৫ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের প্রতিবেদন হতে যদি প্রতীয়মান হয় যে, অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির কোন সংরক্ষিত মূল্য নাই তবে এনআইএলজি দপ্তর এরূপ অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি বিনষ্ট করতে পারবে।

১০। **অফিসের ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি/আসবাবপত্র :**

অফিসের ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি যেমন-কম্পিউটার মেশিন, ফটোকপিয়ার মেশিন, ফ্যাক্স মেশিন, এয়ার-কন্ডিশনার, ফ্যান, কাঠ ও স্টীলের আসবাবপত্র ইত্যাদি অকেজো ঘোষণাকরণের নিমিত্তে ব্যবহারকারী দপ্তর একটি নির্ধারিত ছকে প্রয়োজনীয় তথ্যাবলী প্রস্তুত করবে। এনআইএলজি'র ব্যবহৃত যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণের জন্য শাখাপ্রধান কর্মকর্তা/প্রকৌশলী নিয়া কমপক্ষে ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কারিগরি কমিটি গঠন করবে। নির্ধারিত ছকে প্রদত্ত তথ্যবলী বিবেচনা করিয়া এবং পরিদর্শনের মাধ্যমে এই কমিটি যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ সম্পর্কে মতামত প্রদান করবে যাহাতে বর্তমান বাজার মূল্য বিবেচনায় একটি সংরক্ষিত মূল্য ও ধায্য থাকবে। উক্ত কারিগরি কমিটির মতামতের ভিত্তিতে মহাপরিচালক, এনআইএলজ'র অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি অকেজো ঘোষণা করতঃ সংশ্লিষ্ট বিধি অনুসরণপূর্বক নিস্পত্তি করবে।